

নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) এর নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	বেতন-ভাতা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও কর্মস্থল
১	ব্যক্তিগত সহকারী পদের সংখ্যা : ০১টি	কোম্পানির বেতন গ্রেড-৮ (সাকুল্যে বেতন ৩৪,৫০০/- এবং বিধি মোতাবেক কোম্পানির অন্যান্য সুবিধাদি)	অনূর্ধ্ব ৩২ বৎসর।	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা: (ক) স্নাতক বা সমমান। ন্যূনতম অভিজ্ঞতা: (ক) প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২৫ শব্দের মুদ্রাক্ষর লিখনের গতিসহ কম্পিউটার চালনায় পারদর্শী। (খ) ইংরেজি ও বাংলা লেখা এবং বলায় পারদর্শী। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা। অন্যান্য: (ক) সেক্রেটারিয়াল সাইন্স সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে। (খ) কর্মস্থল: ঢাকা।
২	ইলেকট্রিশিয়ান পদের সংখ্যা : ০১টি	কোম্পানির বেতন গ্রেড-৯ (সাকুল্যে বেতন ৩০,১২৫/- এবং বিধি মোতাবেক কোম্পানির অন্যান্য সুবিধাদি)	অনূর্ধ্ব ৩২ বৎসর।	(ক) শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এসএসসি বা সমমান পরীক্ষায় পাশ। (খ) ন্যূনতম 'সি' শ্রেণির বৈদ্যুতিক লাইসেন্সধারী। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। (ঘ) কর্মস্থল: ঢাকা/কক্সবাজার/কুয়াকাটা।

- আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে পদের নাম উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারী [ব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড, রহমানস রেগনাম সেন্টার (৮ম তলা), ১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮] বরাবর লিখিত আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে জীবন বৃত্তান্ত, সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য সনদের ছায়ালিপি সহ সকল ডকুমেন্ট প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নপূর্বক আগামী ২২/০৬/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে উপরোল্লিখিত ঠিকানায় নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা প্রদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি জারির তারিখ পর্যন্ত গণনা করা হবে। তাছাড়াও ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে যাদের সর্বোচ্চ বয়স ৩২ (বত্রিশ) বছর পূর্ণ হয়েছে তারাও জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ স্মারকমূলে আবেদন করতে পারবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য নয়।
- এছাড়া প্রার্থীত পদের নাম খামের উপরে উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে ৩০০.০০ (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার অবশ্যই “বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড” এর অনুকূলে প্রদান করতে হবে।
- সরকারি, আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা ও মৌখিক পরীক্ষা গ্রহণপূর্বক প্রার্থী চূড়ান্ত করা হবে।
- আবেদন পত্র গ্রহণ/বাতিল, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

তারিখ: ০১/০৬/২০২৩ খ্রি.।

স্বাক্ষরিত

ব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

ফোন : ২২৬৬০৩৩১২ (অফিস)